

এই জীবৎকালে

- মিতালী দে

যতখানি রাগ আছে ঘেন্না আছে
গালি গালাজ আছে যত,
ধাক্কার জোরালো সঙ্গতে অর্গলবদ্ধ
ঘন আঁধারে
জমা থাক, আঁধারে
আঁধারের বীজ, আঁধার ফুল,
আঁধার ফলে ভরপুরন্ত
ইবলিসের সংসার ।
ঋতী নক্ষত্রের জলে স্নান,
নীলকণ্ঠ পাখির পালক কুড়িয়ে,
পথ চলা প্রমিথিউসের পেছনে
অপার আশ্বাস বাণীতে জীবন
শ্রীচৈতন্যের নাম সংকীর্তনের
বিদ্বেষহীন সুরে, ভালোবাসার টানে
ভালোবাসার ঘরে ।

